

যুগান্তর

ছয় মেডিকেল কলেজে ভর্তি কার্যক্রম বন্ধ

👤 যুগান্তর প্রতিবেদন

🕒 ০৯ ফেব্রুয়ারি ২০২৪, ০০:০০:০০ | [প্রিন্ট সংস্করণ](#)

নানা অভিযোগে বেসরকারি ৬ মেডিকেল কলেজে এমবিবিএস প্রথম বর্ষে শিক্ষার্থী ভর্তি বন্ধ রাখা হয়েছে। এগুলোর মধ্যে ২ মেডিকেল কলেজের নিবন্ধন বাতিল করা হয়েছে। এছাড়া ইউনাইটেড মেডিকেল কলেজ হাসপাতালের বিষয়ে তদন্ত শেষে সিদ্ধান্ত জানানো হবে বলে জানিয়েছেন স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডা. মো. টিটো মিয়া। বৃহস্পতিবার রাজধানীর শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে ২০২৩-২৪ বর্ষের মেডিকেল কলেজের ভর্তি পরীক্ষার প্রস্তুতি নিয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে এ কথা বলেন তিনি।

মহাপরিচালক জানান, মান সঠিকভাবে বজায় না থাকায় ৬টি মেডিকেল কলেজে ভর্তি কার্যক্রম বন্ধ আছে। এদের মধ্যে নিবন্ধন বাতিল করা হয়েছে শেরেবাংলা নগরের কেয়ার মেডিকেল কলেজ ও আশুলিয়ার নাইটিঙ্গেল মেডিকেল কলেজের। অন্য যে চারটিতে ভর্তি স্থগিত আছে সেগুলো হলো- ঢাকার আইচি মেডিকেল কলেজ, নর্দান ইন্টারন্যাশনাল মেডিকেল কলেজ, নর্দান প্রাইভেট মেডিকেল কলেজ রংপুর ও শাহ মাখদুম মেডিকেল কলেজ, রাজশাহী। এছাড়া ইউনাইটেড মেডিকেল কলেজ হাসপাতাল বন্ধ করে দেওয়া হয়েছে। ইউনাইটেডে ভর্তির বিষয়ে কোনো নির্দেশনা আছে কিনা জানতে চাইলে অধ্যাপক টিটো মিয়া বলেন, প্রথম বর্ষের শিক্ষার্থীদের জন্য হাসপাতাল খুব গুরুত্বপূর্ণ নয়। তাদের বিষয়টি এখনো তদন্তাধীন। আইনি প্রক্রিয়া শেষে সিদ্ধান্ত নেওয়া হবে।

উল্লেখ্য, ২০২৩-২৪ শিক্ষাবর্ষের এমবিবিএস ভর্তি পরীক্ষা আজ সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত একযোগে ১৯ কেন্দ্রের ৪৪ ভেন্যুতে অনুষ্ঠিত হবে। এবার পরীক্ষার্থীর সংখ্যা এক লাখ ৪ হাজার ৩৭৪।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2024

